দৈনিক বাংলা
তারিখ 17 JUN 1987
পৃষ্ঠা ৮ কলাম 6

0C5

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### শিক্ষা মন্ত্রণালয়

নং এস ১২/১৩-৫/৮৭/০০২(৪)-ইডিএস তারিখ ঃ ১৩-৬-৮৭

## বিষয় ঃ ১৯৮৮ সালের জন্য জাপান সরকারের (মনবুশো) বৃত্তি (গবেষণা ছাত্র-ছাত্রী)।

নিম্নবর্ণিত বিষয়গুলোতে বিভিন্ন জাপানী বিশ্ববিদ্যালয়ে পোস্ট গ্রাজুয়েট/গবেষণা পর্যায়ে গ্রহণযোগ্য ১৯৮৮ সালে জাপান সরকারের মনবুশো বৃত্তির জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| বিষয় | | যোগ্যতা |
|---|---|---|
| মেডিক্যাল (ফ্যাসিলিটি-২) | — | ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ নিয়মিত এমবিবিএস। |
| ডেন্টিস্ট্রি (ফ্যাসিলিটি-১) | — | ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ নিয়মিত বিডিএস। |
| ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং (ফ্যাসিলিটি-১) | — | ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ বিদ্যুৎ প্রকৌশলে নিয়মিত ডিগ্রি। |
| কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং (ফ্যাসিলিটি-১) | — | ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ কেমিক্যাল ইঞ্জিনীয়ারিংয়ে নিয়মিত ডিগ্রি। |
| এগ্রিকালচারাল ইঞ্জিনীয়ারিং (ফ্যাসিলিটি-২) | — | ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ কৃষি প্রকৌশলে নিয়মিত ডিগ্রি। |
| ফিজিক্স (ফ্যাসিলিটি-১) | — | ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ পদার্থবিজ্ঞানে নিয়মিত এমএসসি ডিগ্রি। |

২। শিক্ষার প্রকৃত কোর্স শুরু হওয়ার পূর্বে নির্বাচিত প্রার্থীদেরকে জাপানী ভাষা শিক্ষা করতে হবে এবং উহাতে নিম্নতম ৬ (ছয়) মাস সময় লাগতে পারে। কোর্সের মোট মেয়াদ হচ্ছে এপ্রিল ১৯৮৮ থেকে মার্চ ১৯৯০ পর্যন্ত দুই বছর।

৩। ১৯৮৮ সালের ১লা এপ্রিল তারিখে প্রার্থীদের বয়স অবশ্যই ৩৫ বছরের নীচে হতে হবে (অর্থাৎ ১৯৫৩ সালের ২রা এপ্রিল তারিখে এবং তার পরে জন্ম হতে হবে।

৪। নিম্নোক্ত বিবরণ প্রদানপূর্বক সাদা কাগজে লেখা দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর নিকট সর্বশেষ ৭-৭-৮৭ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

৫। মিথ্যা মার্কসীটসহ মিথ্যা তথ্য দাখিল করা হলে প্রার্থীদেরকে ফৌজদারী দন্ডবিধির ব্যবস্থা অনুসারে অভিযুক্ত করা হবে।

### দরখাস্তের ফরম

১। নাম (বড় অক্ষরে) ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। (ক) জন্মতারিখ ঃ
(খ) ১-৪-৮৮ তারিখে সঠিক বয়স ঃ
৪। টেলিগ্রাম অফিস এবং টেলিফোন নম্বরসহ (যদি থাকে) ডাক ঠিকানা ঃ
৫। স্থায়ী ঠিকানা ঃ
৬। শিক্ষাগত যোগ্যতা ঃ

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পাস করা পরীক্ষার সাল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | অবস্থান | গৃহীত প্রধান বিষয় | গড়ে প্রাপ্ত নম্বরের শতকরা হার |
|---|---|---|---|---|---|

৭। নিয়োগকর্তার ঠিকানাসহ বর্তমান পেশা ঃ
৮। অভিজ্ঞতা ঃ

| যে পদে ছিলেন (বর্তমানটি থেকে শুরু করে) | চাকরির মেয়াদ থেকে/পর্যন্ত | চাকরির মোট সময় |
|---|---|---|

৯। গবেষণাকাজের তালিকা ও পাবলিকেশন (যদি থাকে)।
১০। যে বিষয়ে শিক্ষার জন্য আবেদন করছেন ঃ
১১। অন্য যেকোন তথ্য ঃ

আবেদনকারীর স্বাক্ষর

স্বাঃ—নাসিমা বেগম
সহকারী সচিব।

ডিএফপি(সে)—১৪৫৫৮(২)১৪/৬ জি—২০৫৮